

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হাসপাতাল ও ক্লিনিক শাখা  
স্বাস্থ্য অধিদপ্তর,  
মহাখালী, ঢাকা-১২১২।


স্মারকনং-স্বাঃ অধিঃ/হাসঃ/COVID-19/হাসপাতাল রূপান্তর/করোনা ফাইল নং-৩/২০২০/৫২২ তারিখ- ২৩-৪-২০

বরাবর,  
সিভিল সার্জন  
কুমিল্লা।

বিষয়ঃ- এএফসি হেলথ ফরটিস হার্ট ইনসিটিউট কুমিল্লা করোনা রোগীর ইন্টেনসিভ কেয়ার বা আইসিইউ সেবা প্রদান  
প্রসংগে।


উপরোক্ত বিষয়ে আপনার আবেদনের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এএফসি হেলথ ফরটিস হার্ট ইনসিটিউট কুমিল্লা এর  
কর্তৃপক্ষ হাসপাতালটি কোভিড-১৯, হাসপাতাল হিসাবে সরকারের নিকট হস্তান্তর করতে ইচ্ছুক (আবেদনের কপি সংযুক্ত)।

এমতাবস্থায়, হাসপাতালে বর্তমান বিদ্যমান জনবল, লজিষ্টিক, অবকাঠামো, অক্রিজেন সরবরাহ/সিলিন্ডার, আই সি ইউ  
সুবিধা, সেবা প্রদানকারীদের আবাসন ব্যবস্থা ও অন্যান্য যাবতীয় তথ্যাদিসহ প্রতিবেদন (সরেজমিনে পরিদর্শন পূর্বক) আগামী  
০৩ কর্মবিদ্যের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে প্রেরনের নির্দেশ প্রদান করা হলো।

  
(ডাঃ মোঃ আমিনুল হাসান)  
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ)  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা - ১২১২  
Email: directorhospital@ld.dghs.gov.bd  
ফোন নং-৫৫০৬৭১৫০/৫৫০৬৭১৫১

স্মারকনং-স্বাঃ অধিঃ/হাসঃ/COViD-19/হাসপাতাল রূপান্তর/করোনা ফাইল নং-৩/২০২০/ ৫২২/১(২) তারিখ- ২৩-৪-২০  
অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরিত হল।

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। (দ্রু আঃ- উপ-পরিচালক (সমষ্টি)।
- ২। চেয়ারম্যান, এএফসি হেলথ ফরটিস হার্ট ইনসিটিউট কুমিল্লা।
- ৩। অফিস কপি

  
(ডাঃ মোঃ আমিনুল হাসান)  
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ)  
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা - ১২১২  
Email: directorhospital@ld.dghs.gov.bd  
ফোন নং-৫৫০৬৭১৫০/৫৫০৬৭১৫১

তাৎক্ষণ্য ০৬/০৮/২০২০

বরাবর  
মহাপরিচালক,  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা-১২১২

দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, হাসপাতাল শাখা

বিষয়ঃ এএফসি হেলথ ফর্মিটিউট কুমিল্লায় করোনা রোগীর ইন্টেনসিভ কেয়ার বা আইসিইউ সেবা প্রদান প্রসঙ্গে  
বরাতঃ কুমিল্লা সিভিল সার্জন অফিস, স্মারক নং সি.এস.সি/শা-৫/২০২০/১৮৬৬ তাঁ ০২/০৮/২০২০

প্রিয় মহোদয়,

যথাবিহিত সম্মানপূর্বক জানানো যাচ্ছে যে এএফসি হেলথ ফর্মিটিউট, কুমিল্লা এবং আশেপাশের জেলার একমাত্র হাসপাতাল যেখানে হৃদরোগের জরুরী এবং রুটিন সেবা দিন-রাত ২৪ ঘন্টা প্রদান করা হয়ে থাকে। আমাদের ক্যাথল্যাব এই অঞ্চলের একমাত্র ক্যাথল্যাব যেখানে ২৪/৭ ম্যাসিভ হার্ট অ্যাটাকের রোগীর প্রাইমারী পিসিআই এর মত আধুনিক চিকিৎসা সেবা প্রদান করা হয়। এমনকি করোনা পরিস্থিতিতেও আমাদের সিসিইউ-তে নিয়মিতই হৃদরোগে আক্রান্ত রোগীদের সেবা প্রদান অব্যাহত রয়েছে।

মরণব্যাধী কোভিড-১৯ বা করোনা মোকাবেলায় ইতোমধ্যে সিভিল সার্জন অফিস কুমিল্লা হতে আমাদের হাসপাতালকে ক্রিটিক্যাল কেয়ার সেবা প্রদানের জন্য নির্দেশ দেয়া হয়েছে। এমতাবস্থায় আমাদের হাসপাতালে করোনা রোগীর ক্রিটিক্যাল কেয়ার সেবা প্রদান করলে কুমিল্লা অঞ্চলে হৃদরোগের জরুরী সেবা প্রদান ব্যাহত হবে বলে আমরা আশঙ্কা করছি। এহেন পরিস্থিতিতে আমাদের হাসপাতালে করোনা রোগীর সেবা প্রদান যথাযথ মনে করলে নিম্নোক্ত বিষয়গুলো নিশ্চিত করা জরুরী বলে আমরা মনে করছি:

- ১) আমাদের সিসিইউ কে আইসিইউ-তে রূপান্তর করতে নতুন মেডিকেল ইকুয়েপমেন্ট ক্রয় এবং পুরোনোগুলো সার্ভিসিং করার জন্য বেশকিছু অর্থের প্রয়োজন। এমতাবস্থায়, সিসিইউ-কে আইসিইউ-তে রূপান্তর করতে প্রয়োজনীয় আর্থিক অনুদান বরাদ্দ নিশ্চিত করা প্রয়োজন।
- ২) আমাদের ডাঙ্কার, নার্স, অন্যান্য স্বাস্থ্যসেবা কর্মীরা আইসিইউ সেবায় অনভিজ্ঞ ও আমাদের কোনো আইসিইউ স্পেশিয়ালিস্ট অথবা অভিজ্ঞ ইন্টেন্সিভিস্ট নাই বিধায় সঠিক সেবা প্রদানের জন্য জরুরী ভিত্তিতে জনবল প্রদান/সংযুক্ত করা প্রয়োজন।
- ৩) করোনা পরীক্ষার সক্ষমতা অর্জনের নিমিত্তে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় মেশিন ও টেস্টিং কিট সরবরাহ নিশ্চিত করতে হবে।



অতএব, উপরোক্ত বিষয়গুলো বিবেচনায় রেখে দেশের এই সংকটকালীন সময়ে করোনা রোগীর আইসিইউ সেবা প্রদানে আমাদের সক্ষমতা বাড়াতে প্রয়োজনীয় সহায়তা বা বরাদ্দ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

নিবেদক,

মেজর জেনারেল মোঃ সরোয়ার হোসেন (এলপিআর)  
চেয়ারম্যান  
এএফসি হেলথ লিমিটেড

অনুলিপি:

- ১) সহকারী পরিচালক (সমন্বয়), স্বাস্থ্য অধিদপ্তর
- ২) জেলা প্রশাসক, কুমিল্লা
- ৩) সিভিল সার্জন, কুমিল্লা